

এইচএসসি'র দ্বিতীয় দিনে বহিষ্কার ৫০ ও অনুপস্থিত ৮০৮৬

ঢাকা রিপোর্টার : দেশের ১০টি শিক্ষা বোর্ডে অধীনে এইচএসসি, আলিম ও এইচএসসি (বিএম/ভোকেশনাল) পরীক্ষার বাংলা, দ্বিতীয়পত্রের পরীক্ষায় অনুপস্থিত ছিল ৮ হাজার ৮৬ জন পরীক্ষার্থী। পরীক্ষার অসদৃশ্য অবশ্যনের মায়ে ৫০ জন বহিষ্কার হয়েছে। গতকাল মঙ্গলবার বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এর আগে প্রথম দিনে বাংলা প্রথমপত্রে বহিষ্কার হয়েছিল ৩৩ জন পরীক্ষার্থী।

শিক্ষা মন্ত্রণালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকত্ব থেকে বলা হয়েছে, অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের ১ হাজার ৯৭৫ জন, রাজশাহী বোর্ডের ১ হাজার ৩৫৯ জন, কুমিল্লা বোর্ডের ৫৪৩ জন, যশোর বোর্ডের ৯০৮ জন, চট্টগ্রাম বোর্ডের ৫৬৩ জন, সিলেট বোর্ডের ৩৭৮ জন, বরিশাল বোর্ডের ৩২৪ জন, দিনাজপুর বোর্ডের ৭০৪ জন, মাদারাসা বোর্ডের ৪৩৪ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের ৮৬৮ জন অনুপস্থিত ছিল।

পরীক্ষা অসদৃশ্য অবশ্যনের মায়ে ৩৩ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। ঢাকা শিক্ষা বোর্ডে ৩ জন, কুমিল্লা বোর্ডে একজন, সিলেট বোর্ডের একজন, মাদারাসা বোর্ডের ৫ জন এবং কারিগরি বোর্ডে ৪০ জন। রাজশাহী, যশোর, চট্টগ্রাম, বরিশাল ও দিনাজপুর বোর্ডে কেউ বহিষ্কার হয় নি।

সমস্বত, দেশের আটটি সাধারণ, মাদারাসা ও কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ৯ লাখ ২৬ হাজার ৮১৪ জন ছাত্রছাত্রী। এরমধ্যে ৪ লাখ ৯৬ হাজার ৩৯৫ জন ছাত্র এবং ৪ লাখ ৩০ হাজার ৪১৯ জন ছাত্রী। ২ হাজার ১৯৬টি কেন্দ্রে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ৭ হাজার ৫৫৬টি কলেজের ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে।